# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা: ০৯

এপ্রিল-জুন, ২০১৯





## ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধি -সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ বিষয়ক কর্মশালা

৩০ এপ্রিল, ২০১৯ তারিখে এনআইএলজি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব তপন কুমার কর্মকার, পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ গোলাম ইয়াহিয়া ও পরিচালক (যুগ্ম সচিব) জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা এর উপস্থিতিতে ''ইউনিয়ন পরিদের আয় বৃদ্ধি-সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ'' বিষয়ক কর্মশালা দিনব্যাপী অনুষ্ঠিত হয়। এ কর্মশালাটিতে স্থানীয় সরকার বিভাগ ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি, উপপরিচালক (স্থানীয় সরকার), উপজেলা নির্বাহী অফিসার, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিব, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) এবং দাতা সংস্থার ৫১ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। কর্মশালায় বিভিন্ন ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধি-সম্ভাবনা, চ্যালেঞ্জসমূহ ও সুপারিশমালা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরূপ বিষয়সমূহ উত্থাপিত হয়:

## ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধিতে বিদ্যমান চ্যালেঞ্জ/প্রতিবন্ধকতাসমূহ

১. আদর্শ কর তফসিল ২০১৩ পুরোপরি কার্যকর না হওয়া ও সকল উৎস থেকে কর আদায় না হওয়া।
২. আদর্শ কর তফলিলে বর্ণিত কর, রেইট, টোল ও ফিসের হার বর্তমান বাজার মূল্যের সাথে সংগতিপূর্ণ নয়।
৩. জনপ্রতিনিধিগণের ইউনিয়ন পরিষদের আয়ের উৎস ও কর তফসিল সম্পর্কে সম্যক ধারণা না থাকা।
৪. জনপ্রিয়তা হারানোর ভয়ে কর আদায়ে অনীহা।
৫. অনেক ইউনিয়ন পরিষদে হাট-বাজার, বালু মহাল, পাথর মহাল, জল মহাল, ফেরী ঘাট ইত্যাদি নেই।
৬. ফেরিঘাট, বালু মহাল, জল মহাল ও পাথর মহাল থেকে ইউনিয়ন পরিষদের অংশের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা নেই।
৭. অনেকাংশে সঠিক কর নির্ধারণ হয় না।
৮. করের অর্থের ব্যবহার সম্পর্কে জনগণ অবহিত নয়।
৯. ইউনিয়ন পরিষদে জনবলের অভাব।
১০. ভূমি উন্নয়ন করের উপর ইউনিয়ন পরিষদের প্রাপ্য অংশ নির্ধারিত নেই।
১১. ইমারত ও ভূমির মূল্য নির্ধারণের পদ্ধতিতে অস্পষ্টতা রয়েছে।
১২. করের নতুন নতুন খাত তৈরি হচ্ছে না।

## ইউনিয়ন পরিষদের আয় বৃদ্ধিতে করণীয়/সুপারিশসমূহ

১. আদর্শ কর তফসিল ২০১৩ পুরোপুরি কার্যকর ও সকল উৎস/খাত হতে কর আদায় নিশ্চিত করা।
২. সঠিক কর নির্ধারণ নিশ্চিত করা।
৩. কর তফসিলের বিভিন্ন খাতের নির্ধারিত হার যৌক্তিক পর্যায়ে বৃদ্ধি করা।
৪. কর নির্ধারণ ও আদায় মনিটরিং।
৫. দীর্ঘ সময়ের বকেয়া কর আদায়ে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা।
৬. জনপ্রতিনিধিদেরকে ইউনিয়ন পরিষদের আয়ের উৎস ও কর তফসিল সম্পর্কে ধারণা প্রদান এবং কর প্রদানে উৎসাহিত করা।
৭. আদায়কৃত করের সঠিক ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
৮. আদায়কৃত করের সঠিক ব্যবহার নিশ্চিত হলে জনপ্রিয়তা হ্রাস পায় না বরং বৃদ্ধি পায়-এ বিষয়ে জনপ্রতিনিধিগণকে উদ্ধুদ্ধ করা।
৯. হাট-বাজার, বালু মহাল, জল মহাল, ফেরী ঘাট এবং পাথর মহাল থেকে ইউনিয়ন পরিষদের অংশের প্রাপ্যতা নিশ্চিত করা।
১০. জনগণকে করের অর্থের ব্যবহার সম্পর্কে অবহিত করা।
১১. ইউনিয়ন পরিষদে জনবল বৃদ্ধি করা।
১২. ভূমি উন্নয়ন করের ইউনিয়ন পরিষদের অংশ নির্ধারণপূর্বক তা আদায়ের ব্যবস্থা করা।
১৩. ইমারত ও ভূমির মূল্য নির্ধরণের জন্য সুস্পষ্ট পদ্ধতি প্রবর্তন করা।
১৪. প্রতি দশ বছর পর পর আদর্শ কর তফসিল হালনাগাদ করা।
১৫. নাগরিকদের প্রত্যাশিত সেবা প্রদান নিশ্চিত করা।
১৬. পল্লী বিদ্যুৎ, রেলওয়ের ভূমিসহ অন্যান্য সরকারি দপ্তরের কর আদায় নিশ্চিত করা।
১৭. ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনার জন্য ''স্থানীয় সরকার অর্থ কমিশন/কমিটি'' নামে একটি কমিশন/কমিটি গঠন করা যেতে পারে এবং কমিশনের সুপারিশের আলোকে করহার হালনাগাদ করা যেতে পারে।

ইউনিয়ন পরিষদ সম্ভাব্য আয় বৃদ্ধি-সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ বিষয়ক কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশসমূহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে।

## উপজেলা ও ইউনিয়ন পরিষদ পরিকল্পনায় টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বিষয়সমূহ অন্তর্ভুক্তিকরণ বিষয়ক (টিওটি) প্রশিক্ষণ



২১-২২ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ মেয়াদে উপজেলা ও ইউনিয়ন পরিষদ পরিকল্পনায় টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বিষয়সমূহ অন্তর্ভুক্তিকরণ বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স আয়োজন করা হয়। এ প্রশিক্ষণ কোর্সে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার প্রকল্পের অধীনে জেলা ও উপজেলাসমূহের উপপরিচালক (স্থানীয় সরকার), উপজেলা নির্বাহি অফিসার, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাসহ এ প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। কোর্সটিতে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সরকারের নীতি, কৌশল, বিভিন্ন উদ্যোগ ও বাস্তবায়ন প্রক্রিয়া, এসডিজি'র পটভূমি, ধারণা ও পরিধি, বাস্তবায়ন কৌশল ও বিভিন্ন কর্তৃপক্ষের দায়িত্ব, এসডিজি'র নির্ধারিত সূচকের ভিত্তিতে বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকা, ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ কার্যাবলীর সাথে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সমন্বয় সাধনের ক্ষেত্রসমূহ, টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়ন কৌশল ও সরকারের উদ্যোগসমূহ, এসডিজি বাস্তবায়নে বিভিন্ন কর্তৃপক্ষের (স্থানীয় সরকারসহ) দায়িত্ব, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার স্থানীয়করণ (লোকালাইজেশন) প্রক্রিয়া, ইউনিয়ন ও উপজেলা পরিষদ পরিকল্পনা ও বাজেট প্রণয়নে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলার বিষয়সমূহের সমন্বয় সাধন প্রক্রিয়া, জলবায়ু পরিবর্তন: বাংলাদেশ প্রেক্ষাপট, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় ইউনিয়ন/উপজেলা পরিষদের ভূমিকা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ কোর্সটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং স্থানীয় সরকার বিভাগ, জিইডি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অভিজ্ঞ আলোচকগণ রিসোর্স পারসন হিসেবে দায়িত্ব পালন করেন। প্রশিক্ষণ কোর্সটিতে মোট ৫৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য 'ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্স



ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য 'ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা' বিষয়ক মোট ৩ (তিন) দিন মেয়াদে ০৫টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। ৭-২৩ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত এ কোর্সগুলো অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কোর্সটিতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১৬৮ জন। এ কোর্সগুলোতে ইউনিয়ন পরিষদের আইন, ক্যাশ বই লিখন ও সংরক্ষণ পদ্ধিতি, বিল ভাউচার সংরক্ষণ ও রেজিস্টার ব্যবস্থাপনা, দৈনিক আদায় বই লিখন ও সংরক্ষণ পদ্ধতি, বাজেট নীতিমালা, বাজেট প্রণয়ন ও অনুমোদন, পরিষদের আর্থিক বিবরণী প্রস্তুত ও প্রেরণ, বিভিন্ন কর্মসূচি ব্যবস্থাপনা, ক্রয় প্রক্রিয়া, ইউনিয়ন পরিষদের বিবিধ বরাদ্দ

সংক্রান্ত কার্যাবলী, ইমারত ও ভূমির বাৎসরিক মূল্যের উপর আরোপিত কর রেজিস্টার লিখন ও সংরক্ষণ, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরি বিধিমালা ২০১১, নথি ও পত্র লিখন ও অনুমোদন পদ্ধতি, দৈনিক ও যাতায়াত ভাতা বিল প্রস্তুতকরণ, ইউনিয়ন পরিষদ কর নীতিমালা ও আদর্শ কর তফসিল, হিসাব ও নিরীক্ষা বিধিমালা, কম্পিউটার ব্যবহার, গ্রাম আদালত বিষয়গুলো অন্তর্ভুক্ত ছিল।

## জেলা রিসোর্স পুল সদস্যগণের জন্য 'গ্রাম আদালত বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স

উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বাস্তবায়িত 'জেলা রিসোর্স পুল সদস্যগণের জন্য গ্রাম আদালত বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সটিতে মাঠ পর্যায়ের অভিজ্ঞতা বিনিময়, বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর), গ্রাম আদালত আইন ও বিধি, শুদ্ধাচার, মূল্যবোধ ও গ্রাম আদালত, উঠান বৈঠক পরিচালনা ও আইনী এবং বিচারিক সেবা বিষয়ক তথ্য প্রদানের গুরুত্বপূর্ণ দিকসমূহ, জেন্ডার ও গ্রাম আদালত, গ্রাম আদালতের উপর শিখন ভিডিও প্রদর্শন এবং অর্জিত শিখন বিশ্লেষণ, একটি ফৌজদারী/দেওয়ানী মামলার কোর্সের উপর মক ট্রায়াল প্রস্তুতি ও পূর্ণাঙ্গ অনুশীলন (মক ট্রায়াল), গ্রাম আদালতের আদেশনামা ও নথি প্রস্তুতকরণ ব্যবহারিক কাজ, প্রস্তুতকৃত নথি উপস্থাপন ও ফিডব্যাক ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সটি ৩ এপ্রিল থেকে ১৯ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত মেয়াদে অনুষ্ঠিত হয়। এ কোর্সে ব্যাচের সংখ্যা ছিল ১৩টি। প্রতিটি ব্যাচের প্রশিক্ষণের মেয়াদ ছিল ৩ (তিন) দিন। কোর্সটিতে ১৩টি ব্যাচে মোট ২৬৬ জনকে আমন্ত্রণ জানানো হয়। তন্মধ্যে অংশগ্রহণকারীর সংখ্যা ছিল মোট ২৪৯ জন (৯৩.৬০%)।

## গ্রাম আদালত বিষয়ক মৌলিক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

উপপরিচালক (স্থানীয় সরকার), উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণে 'গ্রাম আদালত বিষয় মৌলিক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স' এর আয়োজন করা হয়। ৩-৪ এপ্রিল, ২০১৯ তারিখ পর্যন্ত ২(দুই) দিনব্যাপী কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটিতে আমন্ত্রিত কর্মকর্তার সংখ্যা ছিল ১৪২ জন । তন্মধ্যে উপস্থিতির সংখ্যা ছিল মোট ১২৮ জন (৯০.১৪%)।



## UICDP বিষয়ক প্রশিক্ষণ কোর্স



Upazila Integrated Capacity Development Project (UICDP) এর অর্থায়নে "Basic Training on Upazila Parishad Plan and Service Delivery" বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণটিতে "Preparatory meeting of Upazila Committee on Finance, Budget, Planning & Local Resource Mobilazation" ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। কোর্সটি ২৪-২৬ জুন, ২০১৯ পর্যন্ত ৩ (তিন) দিন মেয়াদে অনুষ্ঠিত হয়। কোর্সটিতে মোট ৮ (আট) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## জেলা পর্যায়ে উপজেলা রিসোর্স টিমের সদস্যগণের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স

এনআইএলজি ধারবাহিকভাবে ২০১৬-১৭ অর্থ বছরে জাইকা বাংলাদেশের সহায়তায় জেলা পর্যায়ে এনআইএলজি'র প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত উপজেলা রিসোর্স টিমের সদস্যগণের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স' (TOT) বাস্তবায়ন করে আসছে। এ প্রশিক্ষণে উপজেলা নির্বাহী অফিসারসহ সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা (প্রাথমিক), উপজেলা শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক), উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণের বিভিন্ন কলাকৌশল, পদ্ধতি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের জন্য 'ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ' শীর্ষক প্রশিক্ষণ বাস্তবায়নকালীন কোন বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হবে সে সম্পর্কে ধারণা প্রদান করা হয়-যা উপজেলা পর্যায়ে পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের প্রশিক্ষণে সহায়ক ভূমিকা পালন করে। গত এপ্রিল-জুন, ২০১৯ মেয়াদে মোট ২৬টি ব্যাচে এ প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিটি ব্যাচের মেয়াদ ছিল ২(দুই) দিন। এ প্রশিক্ষণটিতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৮৬৬ জন।

## সিটি কর্পোরেশন প্রশাসন অবহিতকরণ কোর্স



সিটি কর্পোরেশনের নতুন নির্বাচিত কাউন্সিলরগণের জন্য আয়োজন করা হয় ''সিটি কর্পোরেশন প্রশাসন অবহিতকরণ'' কোর্স। কোর্সটিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ, কাউন্সিলরগণের দায়িত্ব-কর্তব্য ও সুবিধাদি, আদর্শ কর তফসিল, মার্কেট ব্যবস্থাপনা, এসডিজি, সেবায় উদ্ভাবনসহ বিভিন্ন কমিটির গঠন ও তাদের কার্যাবলী নিয়ে আলোচনা করা হয়। 'সিটি কর্পোরেশন প্রশাসন অবহিতকরণ কোর্স' মোট ৬টি ব্যাচে বাস্তবায়ন করা হয়। প্রতিটি ব্যাচের মেয়াদ ছিল ২(দুই) দিন। এতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ২২১ জন।

## এনআইএলজি'র কর্মকর্তাগণের জন্য ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনা শীর্ষক 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স

এনআইএলজি'র কর্মকর্তাবৃন্দ ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনা শীর্ষক 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্সে অংশগ্রহণ করেন। কোর্সের সংখ্যা ছিল ০১ (এক)টি। কোর্সের মেয়াদ ছিল ০১ (এক) দিন এবং অংশগ্রহণকারীর সংখ্যা ছিল মোট ১৮ জন।

## ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্স

ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্সে অংশগ্রহণ করেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ । মোট ব্যাচের সংখ্যা ছিল ২২১টি। প্রতিটি ব্যাচের মেয়াদ ছিল ৩ (তিন) দিন। সর্বমোট ৮,৫০০ জন প্রশিক্ষন নিয়েছেন । এনআইএলজি'র তত্ত্বাবধানে প্রশিক্ষণ কোর্সসমূহ উপজেলা প্রশাসনের সহযোগিতায় উপজেলা পর্যায়ে বাস্তবায়ন করা হয়।

## এনআইএলজি'র কর্মকর্তা, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স

জনপ্রশাসন মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের কাজের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এপ্রিল-জুন ২০১৯ মেয়াদে প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য ৩ (তিন) টি এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণের জন্য ৩ (তিন) টি করে মোট ৬ (ছয়) টি ব্যাচে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করা হয়। এতে মোট ১৫৯ জন কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করেন।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের নবম সংখ্যা পাঠকদের হাতে পৌছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


## উপদেষ্টা

জনাব তপন কুমার কর্মকার, মহাপরিচালক

জনাব মোঃ আবদুল মালেক, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য



### জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট